শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/৬২৬ তারিখ ঃ ২৭/০৭/২০২৩

# স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-জুন/২০২৩ সেমিস্টারে কৃষি; এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট; ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদভুক্ত উল্লেখিত বিভাগসমূহে, ফুড সেফটি ও এগ্রিকালচারাল জার্নালিজম বিষয়ে এমএস এবং কৃষি অনুষদের প্রযোজ্য বিভাগসমূহে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

**০১. এমএস, কৃষি অনুষদ ঃ**

যোগ্যতা ঃ শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ এগ্রিকালচারাল বোটানি, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, এগ্রোনমি, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজি, এন্টোমোলজি, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজি এবং সয়েল সায়েন্স।

**০২. এমএস, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ ঃ**

যোগ্যতা ঃ শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি অর্থনীতিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ কৃষি অর্থনীতি, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, কৃষি পরিসংখ্যান, ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স, এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং।

**০৩. এমএস, ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ ঃ**

যোগ্যতা ঃ শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc. in Fisheries অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ ফিশারিজ বায়োলজী এন্ড জেনেটিক্স; একোয়াকালচার; এবং ফিশিং এন্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি।

**০৪. এমএস ইন ফুড সেফটি, শেকৃবি ঃ**

যোগ্যতা ঃ শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

**০৫. এমএস ইন এগ্রিকালচারাল জার্নালিজম, শেকৃবি ঃ**

যোগ্যতা ঃ শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

**০৬. পিএইচডি, কৃষি অনুষদ ঃ**

যোগ্যতা ঃ

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/ এমফিল/ এমএসসি ডিগ্রি অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় থেকে সমমানের ডিগ্রি (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত)।

খ) স্নাতকোত্তর পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০।

গ) শিক্ষকতা/গবেষণা/সম্প্রসারণে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা।

ঘ) স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশনা।

অথবা

প্রথম শ্রেণী অথবা CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ প্রাপ্ত B.Sc. Ag. (Hons.)/ সমমানের ডিগ্রিসহ এমএস পরীক্ষায় CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৯ থাকা প্রার্থীগণ সরাসরি পিএইচডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগসমূহ ঃ এগ্রিকালচারাল বোটানি, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, এগ্রোনমি, এন্টোমোলজি, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজি এবং সয়েল সায়েন্স।

০৭. আবেদন করার নিয়ম ঃ

ক) আগামী ০১-০৮-২০২৩ হতে ৩১-০৮-২০২৩ তারিখের মধ্যে এমএস ও পিএইচডি প্রোগ্রামের আবেদন ফরম ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়, শেকৃবি হতে অফিস খোলা থাকাকালীন সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহকারীগণকে (এমএস ভর্তির আবেদন ফরমের মূল্য ৫০০/- টাকা এবং পিএইচডি ভর্তির আবেদন ফরমের মূল্য ১০০০/- টাকা মাত্র) পূরণকৃত আবেদন ফরম ৩১/০৮/২০২৩ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

গ) আবেদনকারীগণকে আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। পূরণকৃত আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক জমাদানের পর কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ঘ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে উচ্চশিক্ষার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসেবে এবং পিএইচডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের ক্যাশ শাখায় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।

ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/শিক্ষা ছুটির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান এবং ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ এর কার্যালয়ে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণের তালিকা ও ভর্তির সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়ের নোটিশ বোর্ড এবং শেকৃবি ওয়েব সাইটে (www.sau.edu.bd) প্রকাশ করা হবে ।

ছ) **ক্লাস শুরু ঃ**
এমএস ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস শুরুর তারিখ যথাসময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।

জ) অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

২৬/৭/২০২৩
(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়